

WELLAND GOULDSMITH SCHOOL, PATULI
CLASS - XI
BENGALI 2ND LANGUAGE
SESSION - 2020-2021

কবিতা – ওরা কাজ করে
কবি – রবীন্দ্রনাথ ঠাকুর

বিষয়বস্তু পর্যালোচনা

মানবতাবাদী সত্যদর্শী কবি রবীন্দ্রনাথ ঠাকুরের 'আরোগ্য' কাব্যগ্রন্থের অন্তর্গত 'ওরা কাজ করে' একটি উল্লেখযোগ্য কবিতা। দীর্ঘ রোগভোগের পর কবির মন শূন্য-পানে উধাও হয়েছে। তাঁর দৃষ্টিপথে ফুটে উঠেছে ছায়াআকাঁ ইতিহাসের ছবি। যুগ যুগান্তর ধরে শস্য-শ্যামলা ভারতবর্ষের মাটিতে বিদেশি সাম্রাজ্য লোভীরা আক্রমণ করেছে। এইসব জাতি একদিন খ্যাতি সম্মান ও ঐশ্বর্যের চরম শিখরে উঠেছিল। কিন্তু সময় তাদের খ্যাতিকে চিরস্থায়ী করে রাখেনি। একদিন এই ভারতের বুকে সাম্রাজ্য বিস্তার করেছিল পাঠান ও মোগলরা। তারা অত্যাচার করেছে ভারতবাসীর ওপর। তাদের বিজয় রথের চাকা ধুলো উড়িয়ে চারিদিক ঢেকে দিয়েছে। কিন্তু মহাশূন্যের দিকে তাকিয়ে লক্ষ্য করেছেন কবি তাদের কোন চিহ্নই আজ আর নেই।

এরপর কবি দেখেছেন যে মহাশূন্য তলে এ দেশে এসে উপস্থিত হয়েছে প্রবল ইংরেজ। তারা অনল নিঃশ্বাসী রথে চেপে এসে ভারতের ঐশ্বর্য ও সম্পদ লুণ্ঠ করেছে। কিন্তু কবির বিশ্বাস এরাও একদিন কালের অতলে তলিয়ে যাবে। এদের আর কোন চিহ্ন থাকবে না।

এরপর মহাশূন্যের পথ থেকে কবি দৃষ্টি নেমে

এসেছে মাটির পৃথিবীতে। সেখানে কবি দেখেছেন যে
আবহমানকাল ধরে চলে আসছে মানুষের নিত্য জীবনযাত্রা ও
কর্মকাণ্ড। কবি সেখানে দেখলেন—

" বিপুল জনতা চলে

নানা পথে নানা দলে দলে।"

এদের যাত্রা মানুষের নিত্য প্রয়োজনের দাবী মেটানোর জন্য।
এরা শ্রমজীবী মানুষের দল। এরা আবহমানকাল ধরে
মানবজাতির জীবনতরীর দাঁড় টেনে সভ্যতার অগ্রগতি ঘটায়।
এরা মাঠে মাঠে বীজ বোনে, ধান কাটে, নগরে প্রান্তরে কাজ করে
সভ্যতাকে এগিয়ে নিয়ে যায়।

কালের নিয়মে রাজাদের রাজছত্র ভেঙে পড়ে,
জয়স্তম্ভ গুলি অর্থহীন ভাবে দাঁড়িয়ে থাকে। রাজাদের বিজয়
কাহিনী শুধুমাত্র শিশু পাঠ্যপুস্তকে স্থান পায়। সত্য হয় শুধু দেশ-
দেশান্তরে অঙ্গ বঙ্গ কলিঙ্গের সমুদ্র নদীর ঘাটে ঘাটে,
পাঞ্জাব বোম্বাই গুজরাটে মেহনতী মানুষের কর্মের মহামন্ত্র। এই
শ্রমজীবী মানুষের দ্বারা রচিত হয় সভ্যতার চিরন্তন ইতিহাস।
দূরদর্শী কবি রবীন্দ্রনাথ সেই সত্যই উপলব্ধি করেছেন আলোচ্য
কবিতায়।

নিচের প্রশ্নগুলির উত্তর লেখ :

1. " আরবার সেই শূন্যতলে

আসিয়াছে দলে দলে

লৌহবাধাঁ পথে / অনলনিশ্বাসী রথে "

ক) 'আরবার' বলার কারণ কি? কোন শূন্যতলের কথা এখানে বলা
হয়েছে?

খ) কাৰা দলে দলে এসেছে?

গ) পথ লৌহবাধাঁ কেন? এর তাৎপৰ্য কি?

ঘ) 'অনলনিশ্বাসী রথ' কি? কথাটির তাৎপৰ্য বৰ্ণনা

কৰ।

$$2+2+3=3=10$$

2. " মাটির পৃথিবী-পানে আৰ্খি মেলি যবে

দেখি সেটা কলকলৰবে

বিপুল জনতা চলে

নানা পথে নানা দলে দলে "

ক) মাটির পৃথিবীতে কবি কি দেখেছেন?

খ) মহাশূন্যে কবির চোখে কি ধরা পড়েছে?

গ) 'বিপুল জনতা' কাৰা? তারা কি করে?

ঘ) উদ্ভূতিটিতে কবির কোন মনোভাবের প্রকাশ

ঘটেছে?

$$2+2+3+3=10$$